দৈনিক ইত্তেফাক

তারিখ 10 FEB 1989
পৃষ্ঠা 3 কলাম 6

ডকুমেন্টেশন কেন্দ্র

## সরকার কারিগরি শিক্ষা সম্প্রসারণে আগ্রহী
### —শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম বলেন, বর্তমান সরকার দেশে কারিগরি শিক্ষা সম্প্রসারণে অত্যন্ত আগ্রহী এবং এ লক্ষ্যে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হইতেছে।

মন্ত্রী গত বুধবার ঢাকা পলিটেকনিক ইনষ্টিটিউট মিলনায়তনে ইনষ্টিটিউটের ছাত্র সংসদের অভিষেক অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে একথা বলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইনষ্টিটিউটের অধ্যক্ষ এমদাদুল হক চৌধুরী। শিক্ষামন্ত্রী বলেন, আমাদের বিপুল জনসংখ্যাকে জনসম্পদে রূপান্তরিত করিতে না পারিলে অর্থনৈতিক মুক্তি অর্জন সম্ভব নয় এবং এ লক্ষ্য বাস্তবায়িত করিতে হইলে দেশে কারিগরি শিক্ষা সম্প্রসারণের কোন বিকল্প নাই।

তিনি বলেন, সম্পদের সীমাবদ্ধতা থাকা সত্ত্বেও প্রেসিডেন্ট এরশাদ ও তাঁহার সরকার আমাদের দেশকে আধুনিক বিশ্বের সাথে সমভাবে আগাইয়া লইয়া যাওয়ার লক্ষ্যে নিরলসভাবে কাজ করিয়া যাইতেছেন। মন্ত্রী দেশের আগামী দিনের চাহিদা পূরণের লক্ষ্যে কারিগরি পাঠ্যক্রমকে যুগোপযোগী করার উপর গুরুত্ব আরোপ করেন। —তথ্যবিবরণী।